

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ :, ১৪১৫ বঙ্গাব্দ/, ২০০৮ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং-আইন/২০০৮/...../শুল্ক।- Customs Act, 1969 (IV of 1969) এর section 25(3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৩ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ২৭ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-১৪১-আইন/২০০৭/২১৪০/শুল্ক এতদ্বারা বাতিলক্রমে, কাস্টমস্ ডিউটি আদায়কল্পে বিদ্যমান আমদানি নীতি আদেশ এ বিধৃত শর্তাবলী পালন সাপেক্ষে বাংলাদেশে আমদানিযোগ্য ব্যবহৃত পুরাতন বা রি-কন্ডিশন্ড মোটর গাড়ি ও যানবাহনের জন্য নিম্নরূপ ন্যূনতম মূল্য (minimum value) নির্ধারণ করিল, যথাঃ-

১। ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কৃত (reconditioned) মোটর গাড়ি ও যানবাহন জাপান হইতে আমদানি করা হইলে জাপানে প্রকাশিত হালনাগাদকৃত Yellow Book এবং জাপান ব্যতীত অন্য কোন দেশ হইতে আমদানি করা হইলে, ক্ষেত্রমত, হালনাগাদকৃত Glass's Guide, Magazine Automobiles বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত অনুরূপ কোন জার্নালে প্রকাশিত গাড়ির সকল কোড মডেলের গড় মূল্য হইতে ২০% বিয়োজন এবং সরাসরি গাড়ির গড় মূল্যের উপর অনুচ্ছেদ ২ এ বর্ণিত হারে বৎসর ভিত্তিক অবচয় প্রদান করিয়া প্রাপ্ত মূল্যঃ

তবে শর্ত থাকে যে, ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কৃত মোটর গাড়ি ও যানবাহন হিসাবে বিবেচিত হইতে হইলে, সংশ্লিষ্ট গাড়ির প্রথম রেজিস্ট্রেশনের তারিখ ও রেজিস্ট্রেশন বাতিলের তারিখের মধ্যকার সময়সীমা ন্যূনতম ৩৬৫ (তিনশত পঁয়ষট্টি) দিন হইতে হইবে এবং উহা ন্যূনতম ১০০০ (এক হাজার) কিলোমিটার চালিত হইতে হইবে, যাহার প্রমাণস্বরূপ গাড়ি শুল্কায়নকালে জাপান হইতে আমদানির ক্ষেত্রে Registration Cancellation Certificate ও Japan Auto Appraisal Institute কর্তৃক ইস্যুকৃত গাড়ির বয়স

সংক্রান্ত সনদপত্র এবং জাপান ব্যতীত অন্যান্য দেশ হইতে আমদানির ক্ষেত্রে Registration Cancellation Certificate সংশ্লিষ্ট কাস্টমস হাউস বা স্টেশনে দাখিল করিতে হইবে।

২। বয়সভেদে ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কৃত মোটর গাড়ি ও যানবাহনের বৎসরভিত্তিক অবচয়ের হার নিম্নরূপ হইবে, যথা :-

- (ক) ১(এক) বৎসরের জন্য ৫%;
- (খ) ২(দুই) বৎসরের জন্য ১০%;
- (গ) ৩(তিন) বৎসরের জন্য ২০%; এবং
- (ঘ) ৪(চার) বৎসরের জন্য ৩০%।

৩। অবচয় প্রদানের উদ্দেশ্যে বৎসর গণনার ক্ষেত্রে, গাড়িটি যে তারিখে প্রথম রেজিস্ট্রেশন করা হইয়াছিল সে তারিখ হইতে ৩৬৫ (তিনশত পয়ষট্টি) দিনে ১ (এক) বৎসর গণনা করিতে হইবেঃ

ব্যাখ্যা :- সংশ্লিষ্ট মোটর গাড়ীর প্রথম রেজিস্ট্রেশনের তারিখ উল্লেখ না থাকিলে যে মাসে গাড়িটি প্রথম রেজিস্ট্রেশন করা হইয়াছিল সে মাসের পরবর্তী মাসের প্রথম তারিখকে অনুচ্ছেদ ২ ও ৩ এর উদ্দেশ্য পূরণকল্পে, রেজিস্ট্রেশনের তারিখ হিসাবে গণ্য করিতে হইবে।

৪। আমদানিকৃত ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কৃত মোটর গাড়ি বা যানবাহনের ঘোষিত মূল্য অনুচ্ছেদ ১, ২ ও ৩ এর পদ্ধতি অনুসরণে নিরূপিত ন্যূনতম মূল্য অপেক্ষা বেশী হইলে অবচয় সুবিধা প্রদান না করিয়া ঘোষিত মূল্যে শুঙ্কায়ন করিতে হইবে।

৫। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ/১ জুলাই, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোহাম্মদ আবদুল মজিদ)
সচিব।